

ফাতওয়া নাম্বার: ২৩৬

প্রকাশকাল: ১৬-০২-২০২২ ইং

বিদেশ যাওয়ার জন্য কি সুদে ঋণ নেয়া যাবে?

প্রশ্ন:

আমার এক ভতিজা বিদেশ যাবে। তার হাতে পর্যাপ্ত টাকা নেই। কারো থেকে ঋণও পাচ্ছে না। এখন সে যদি কারো থেকে সুদের উপর টাকা নেয়, তাহলে তা কি জায়েয হবে? এবং এ টাকা দিয়ে বিদেশ গিয়ে যা উপার্জন করবে তা কি হালাল হবে?

প্রশ্নকারী- মুহাম্মদ সাইফুল ইসলাম

উত্তর:

সুদ নেয়া ও দেয়া উভয়টিই হারাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুদি লেনদেনে জড়িত সকলকে লা' নত করেছেন। হযরত জাবের রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত-

لعن رسول الله - صلى الله عليه وسلم - آكل الربا وموكله وكتابه وشاهديه وقال هم سواء. - صحيح مسلم، رقم: 4177؛ ط. دار الجليل بيروت + دار الأفاق الجديدة. بيروت

“সুদ গ্রহীতা, সুদ দাতা, সুদি লেন-দেনের লেখক ও তার স্বাক্ষরীদ্বয়, সকলের উপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লা' নত করেছেন এবং বলেছেন, এরা সবাই সমান।” -সহীহ মুসলিম : ৪১৭৭

তাই বিদেশ যাওয়ার জন্যও সুদে ঋণ নেয়া যাবে না। অবশ্য কেউ এমনটি করে থাকলে যদিও অনেক বড় গুনাহগার হবে, তবে এ কারণে তার বৈধ উপার্জন হারাম হবে না।

আরও দেখুন:

ফতোয়া নং ২৩১ [সুদি লোন নিয়ে ব্যবসা করার হুকুম কী?](#)

ফতোয়া নং ১৪ [সুদি ঋণে কেনা গাড়ির ইনকাম কি জায়েয হবে?](#)

ফতোয়া নং ১৮৮ সুদে টাকা নিয়ে ব্যবসা করলে সেই ব্যবসার লভ্যাংশ কি বৈধ হবে?

فقط، والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০৬-০৭-১৪৪৩ হি.

০৮-০২-২০২২ ঈ.

